বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
সোনারগাঁও, নারায়ণগঞ্জ
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
www.sonargaonmuseum.gov.bd

# প্রেস বিজ্ঞপ্তি

## সোনারগাঁও জাদুঘরে বর্ণাঢ্য আয়োজনে ঈদ আনন্দমেলা উদ্‌যাপিত

স্মারক নং : ৪৩.২৮.০০০০.১১১.১.১৮/ তারিখ: ২৩.০৮.২০১৮

॥ বৃহস্পতিবার, সোনারগাঁও, ২৩ আগস্ট ২০১৮ ॥

বাংলার প্রাচীন রাজধানী ঐতিহাসিক সোনারগাঁয়ের প্রাণকেন্দ্র বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের উদ্যোগে বর্ণাঢ্য আয়োজনে নানা কর্মসূচি পালনের মধ্য দিয়ে তিনদিনব্যাপী ঈদ আনন্দমেলা শুরু হয়েছে। ঈদ আনন্দমেলায় শিশুদের আনন্দ দানের জন্য নাগরদোলায় চড়া, বায়স্কোপ এবং ইতিহাস- ঐতিহ্য, লোকশিল্প ও সংস্কৃতির অনন্য উপাদান অবলোকনের জন্য জাদুঘর উন্মুক্ত রাখা হয়। একই সাথে দর্শনার্থীদের আনন্দ হিল্লোল বাড়িয়ে দিতে ঝিলের জলে নৌকায় ভ্রমণের বিশেষ ব্যবস্থা করা হয়। এ উপলক্ষে সোনারগাঁও উৎসবের নগরীতে পরিণত হয় ।
ফাউন্ডেশনের পরিচালক কবি রবীন্দ্র গোপ এর সভাপতিত্বে মঙ্গলপ্রদীপ প্রজ্বলনের মধ্যদিয়ে বড় সরদারবাড়ি সংলগ্ন ঐতিহাসিক পুকুরপাড়ে ছায়াসুনিবিড় পরিবেশে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।
অনুষ্ঠানে লোকসংগীত পরিবেশন করেন স্বনামধন্য শিল্পী আনিসা, আঁখি, সীমা মজুমদার, স্বর্ণা মজুমদার, সাগর দেওয়ান, স্বপন বিশ্বাস এবং জয়নুল পাঠশালার ছোট্ট সোনামণিগণ। অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনায় ছিলেন কবি আফরোজা কণা। বিপুলসংখ্যক দর্শক ঈদ আনন্দমেলার সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন।

(রবীন্দ্র গোপ)
পরিচালক
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
ফোন: ০৬৭২৩৫৬৩৩১
E-mail: director.s.museum@gmail.com